


- ২। তুমি চার যুগ ধরি, পাতকীরে করছ কোলে,,
 যুগল রূপ ধরি ।
 আমি ঘোর পাতকী, তোমার নাম নিতে বাকী
 আমায় নিয়ে যেও স্বদেশে ॥
- ৩। যে জন স্বদেশ ছাড়া হয়, ও তার আত্মতত্ত্ব
 ধর্মাধর্ম কখনে কি রয় ?
 তোমার চরণের বলে, মুখে হরি হরি বলে,
 যেন চলে যাই তোমার দেশে ॥
- ৪। বিপিনের মনের বাসনা বিদেশেতে এসে তোমায়,
 যেন ভুলিয়ে রই না ।
 তুমি বন্ধু গোপালচাঁদ, আমার কেটে মায়া ফাঁদ,
 তোমার প্রেমের বাঁধন দেও কসে ॥
 —বিপিন



৯০ নং

তাল—একতালা

- দয়াল গোপালচাঁদ ভবে তুমি বিনে বন্ধু কেহ নাই ।
 আমার ঘরে নাই অন্ন-বস্ত্র, মনোদুঃখে কাল কাটাই ॥
- ১। ভক্তি শক্তি আশা ভরসা কিছু মাত্র নাই ।
 হয়ে মনোদুঃখে মতিছন্ন, প্রভু তোমায় আমি ভুলে যাই ॥
- ২। দুঃখের কথা বল্ব কোথায় কোন বা দেশে যাই ।
 হরি তুমি আমার মাতাপিতা, হরি তুমি আমার বন্ধু ভাই ॥